# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: হারাম কাজে পতিত হওয়ার কারণসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: হারাম কাজে পতিত হওয়ার কারণসমূহ

বান্দা দু'টি কারণে হারাম কাজে লিপ্ত হয়। সে কারণ দু'টি হচ্ছে:

প্রথমত: আল্লাহর ব্যাপারে তার মন্দ ধারণা এবং তার এ রূপ ধারণা যে, সে যদি তাঁর যথাযথ আনুগত্য করে, তাঁর অনুকরণ-অনুসরণ করে তাহলে তিনি এর চেয়ে উত্তম জিনিস হালাল হিসেবে তাকে দিবেন না।

দ্বিতীয়ত: সে এ সম্পর্কে জানে এবং একথাও জানে, যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য হারাম বস্তু বর্জন করবে আল্লাহর এর বিনিময় উত্তম জিনিস তাকে দান করবেন; কিন্তু তার প্রবৃত্তি তার ধৈর্যের ওপর বিজয় লাভ করেছে এবং তার বিবেকের ওপর তার প্রবৃত্তি প্রাধান্য লাভ করেছে। ফলে সে হারামে পতিত হয়েছে।

প্রথম প্রকারে তারাই পতিত হয় যারা জ্ঞানে দুর্বল আর দ্বিতীয় প্রকারে তারাই পতিত হয় যারা বিবেক ও দূরদৃষ্টিতে দুর্বল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9711

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন